

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের এপিএ বাস্তবায়ন টিমের সভার কার্যবিবরণী :

সভাপতি : হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।

তারিখ ও সময় : ২৩.১০.২০১৯ খ্রি. তারিখ, বেলা ৩.০০ টা।

স্থান : প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক) এর অফিস কক্ষ।

সভায় সদস্যদের উপস্থিতির তালিকা নিম্নরূপ:

ক্র.নং	নাম পদবী ও কর্মস্থল
১.	জনাব হরেন্দ্রনাথ বসু, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।
২.	জনাব এ.এইচ.এম কামরুজ্জামান, লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।
৩.	জনাব সোনিয়া চৌধুরী, লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।
৪.	জনাব মোহাম্মদ অহিদুজ্জামান, সহকারী লাইব্রেরিয়ান, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী আলোচিতব্য বিষয়াদি সভায় উপস্থাপন করার জন্য সদস্য-সচিবকে আহ্বান জানান। সভায় সদস্য-সচিব ২০১৯-২০২০ অর্থ বছরে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের এপিএ বাস্তবায়নের লক্ষ্যে কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি কার্যক্রমের বিষয় উপস্থাপন করেন। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

আলোচ্য সূচি – ১ : সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার এর ওয়েব সাইটে সেবাবক্স হালনাগাদ করণ।

সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার দেশের বৃহত্তর জনগোষ্ঠিকে পাঠসেবা দিয়ে আসছে। এ সেবার কাঙ্ক্ষিত মান নিশ্চিত করতে এর সেবাবক্স হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

সিদ্ধান্তঃ জনস্বার্থে এপিএ এবং শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়নে ওয়েবসাইট হালনাগাদ রাখতে হবে।

আলোচ্য সূচি – ২ : সিটিজেন চার্টার হালনাগাদ করণ।

সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। জনাব শামীম আরা সূবর্ণা (লাইব্রেরিয়ান / পাঠকসেবা), জেলা সরকারি গণগ্রন্থাগার নরসিংদী বদলি হয়েছেন। তাঁর স্থলাভিষিক্ত কর্মকর্তার নাম সিটিজেন চার্টারে সংযোজন করা হয়েছে।

সিদ্ধান্তঃ সিটিজেন চার্টার হালনাগাদ রাখতে হবে।

আলোচ্য সূচি – ৩ : ওয়েবপোর্টাল বিষয়ক প্রশিক্ষণ।

ওয়েবপোর্টাল সময়োপযোগী রাখতে এ বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীগণের প্রশিক্ষণ প্রয়োজন।


সিদ্ধান্তঃ প্রশাসন শাখা এ বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন।

আলোচ্য সূচি – ৪ : অস্থাবর সম্পদের তালিকা হালনাগাদ করণ।

APA, শুদ্ধাচার ও অন্যান্য প্রয়োজনে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের অস্থাবর সম্পদের তালিকা প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্তঃ অস্থাবর সম্পদের তালিকা নথিজাত করতে হবে ও পরিসংখ্যান শাখাকে অবহিত করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(হরেন্দ্রনাথ বসু)
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।

নং-৪৩.২৬.০০০০.০০২.৩৮.৮২১.১৯. ২৩৮৯/১(২)

তারিখ : ২৩/১০/১৯

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়)

- ১। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।
- ২। লাইব্রেরিয়ান (১ম/ ২য় শিফট), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।
- ৩। লাইব্রেরিয়ান (পরিসংখ্যান) গণগ্রন্থাগার অধিদপ্তর।
- ৪। লাইব্রেরিয়ান (প্রশাসন ও হিসাব) গণগ্রন্থাগার অধিদপ্তর।
- ৫। লাইব্রেরিয়ান (কারিগরি ও প্রক্রিয়াকরণ শাখা), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।
- ৬। জনাব ফারজানা আক্তার, ক্যাটালগার।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।


২৩/১০/১৯
(মোহাম্মদ আহিদুজ্জামান)
সহকারী লাইব্রেরিয়ান।
সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার।



